প্রথম আলো

তারিখ 23 FEB 2015
পৃষ্ঠা [illegible]

# অনুত্তীর্ণ পোষ্যদের ভর্তি না করার সিদ্ধান্ত

## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ●

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ২০১৪-১৫ শিক্ষাবর্ষে অনুত্তীর্ণ পোষ্যদের ভর্তি না করার সিদ্ধান্ত নিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। গতকাল সোমবার বিশ্ববিদ্যালয় ভর্তি কমিটির সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানিয়েছেন কমিটির সচিব উপ-রেজিস্ট্রার (শিক্ষা) মোহাম্মদ আলী।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, গতকাল বেলা ১১টার দিকে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনে বিশ্ববিদ্যালয় ভর্তি কমিটির সভা শুরু হয়। বিশ্ববিদ্যালয়ের সব অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক এবং বিভাগের সভাপতিরা এ কমিটির সদস্য। উপাচার্যের সভাপতিত্বে সভায় এ বছর ভর্তি পরীক্ষায় অনুত্তীর্ণ ৯৬ জন পোষ্যকে অতিরিক্ত নম্বর দিয়ে ভর্তি করানোর বিষয়ে আলোচনা হয়।

কমিটির সদস্য ও ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজির পরিচালক মো. ফজলুল করিম পাটোয়ারী জানান, সভায় অনুত্তীর্ণ পোষ্যদের ভর্তির বিষয়ে আলোচনা হয়েছে। আলোচনার সময় দু-একটি বিভাগের সভাপতি ছাড়া অধিকাংশ বিভাগের সভাপতি এর বিরোধিতা করেন। তাই সংখ্যাগরিষ্ঠের মতামতের ভিত্তিতে অনুত্তীর্ণ পোষ্যদের অতিরিক্ত নম্বর দিয়ে ভর্তি না করানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

এদিকে বিশ্ববিদ্যালয় প্রশাসনের এ সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন সাধারণ শিক্ষার্থী ও শিক্ষক-শিক্ষার্থী ঐক্য মঞ্চ ব্যানারে আন্দোলনকারী শিক্ষক-শিক্ষার্থীরা।

সাধারণ শিক্ষার্থী-ব্যানারের অন্যতম আহ্বায়ক ইন্দ্রজিৎ ভৌমিক বলেন, 'অনুত্তীর্ণদের ভর্তি করার মতো অন্যায় কর্মকাণ্ডের বিরুদ্ধে আমরা সাধারণ শিক্ষার্থীরা সব সময়ই সোচ্চার ছিলাম। প্রশাসনের সিদ্ধান্তকে আমরা স্বাগত জানাই।'

শিক্ষক-শিক্ষার্থী ঐক্য মঞ্চ-ব্যানারের সঙ্গে যুক্ত ইতিহাস বিভাগের শিক্ষক মোহাম্মদ গোলাম রব্বানী বলেন, অন্যায়ের বিরুদ্ধে শিক্ষক-শিক্ষার্থীদের সক্রিয় অংশগ্রহণের কারণেই প্রশাসন এ সিদ্ধান্ত নিয়েছে।

অনুত্তীর্ণ পোষ্যদের ভর্তির বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের আগে গতকাল সকাল ১০টার দিকে শিক্ষক-শিক্ষার্থী ঐক্য মঞ্চ ব্যানারে শহীদ মিনারের পাদদেশে মানববন্ধন করেন শিক্ষক-শিক্ষার্থীরা।

অনুত্তীর্ণদের ভর্তি করা হবে না—প্রশাসনের এ সিদ্ধান্তের বিষয়ে জানতে চাইলে, কর্মচারী সমিতির সভাপতি আইনাল হক বলেন, 'আগামীকাল (আজ) আমাদের সভা আছে। সেখানে আমরা এ নিয়ে আলোচনা করে সিদ্ধান্ত নেব।'